

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা

স্মারক নং-


৮-৯১

তারিখঃ ৯/৫/১৬

স্মারক আদেশ

ধানের ন্যায্যমূল্য প্রাপ্তির জন্য সরকার ধান উৎপাদনকারী প্রকৃত কৃষকদের নিকট হতে ধান ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে কৃষক তালিকা প্রস্তুতের দায়িত্ব উপজেলা কৃষি অফিসারের উপর ন্যস্ত করা হয়েছে (কপি সংযুক্ত)। উপজেলা কৃষি অফিসারগণ উপজেলা পর্যায়ে ধান ক্রয় সংক্রান্ত কমিটির তত্ত্বাবধানে ব্লক ভিত্তিক ধান উৎপাদনকারী এবং বিক্রয় করতে ইচ্ছুক প্রকৃত কৃষকদের তালিকা তৈরী করবেন। তালিকায় কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর, কৃষি কার্ডের নম্বরসহ বিক্রয়যোগ্য ধানের পরিমাণ উল্লেখ থাকতে হবে। উপজেলা কৃষি অফিসারগণ স্ব স্ব উপজেলার জন্য প্রস্তুতকৃত কৃষক তালিকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা খাদ্য কর্মকর্তাকে সম্ভব দ্রুততম সময়ের মধ্যে প্রদান করবেন এবং ১টি কপি নিজ অফিসে সংরক্ষণ করবেন।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ হামিদুর রহমান) ৯/৫/১৬
মহাপরিচালক

প্রাপক,

উপজেলা কৃষি অফিসার (সংশ্লিষ্ট সকল)

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

উপজেলা :

জেলা :

অনুলিপি : (ক) সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি : (খ) কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।

২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,.....অঞ্চল.....(সংশ্লিষ্ট সকল)।

৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,.....জেলা (সংশ্লিষ্ট সকল)।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
www.moa.gov.bd

মহাপরিচালকের দপ্তর, ডিএই	
পরিচালকঃ	অতিরিক্ত জরুরী
প্রশাসন ও অর্থ/সরেজমিন	জরুরী
উদ্ভিদ সংরক্ষণ/প্রশিক্ষণ	আলাপ
উদ্ভিদ সংগনিরোধ/ক্রপস	
ইটিকালচার/পরিকল্পনা ও আইসিটি	
পিডি/পিসিডিঃ	
ডায়েরী নং-	
তারিখঃ	তারিখ : ০৮ মে ২০১৬

নং-১২.০৫২.০৩৫.০০.০০.০১৮.২০১১-৪৫৫

বিষয় : জেলা ওয়ারী খাদ্য (ধান) উৎপাদন পরিস্থিতি ২০১৫-১৬ অনুযায়ী ধান উৎপাদনে উদ্বৃত্ত জেলাসমূহে ক্রয়/সংগ্রহ কার্যক্রম জোরদার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা ওয়ারী খাদ্য (ধান) উৎপাদন পরিস্থিতি ২০১৫-১৬ অনুযায়ী টাংগাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, বান্দরবান, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, যশোর, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বাগেরহাট, সাতক্ষীরা, নড়াইল, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা, ভোলা ও গোপালগঞ্জ জেলা ধান উৎপাদনে উদ্বৃত্ত।

চলতি মৌসুমে সরকার ৭.০০ লক্ষ মেট্রিক টন ধান ক্রয়/সংগ্রহের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ধান উৎপাদনে উদ্বৃত্ত জেলাসমূহে সংগ্রহ/ক্রয় কার্যক্রম জোরদার করা হলে কৃষকগণ লাভবান হবে। সে পরিপ্রেক্ষিতে আগ্রহী সরবরাহকারী প্রকৃত কৃষকগণকে ক্রয়/সংগ্রহ কেন্দ্রে পৌঁছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং খাদ্য অধিদপ্তরের চাহিদামত তথ্য সরবরাহ করা আবশ্যিক।

এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তরের চাহিদামত তথ্য সরবরাহ করা এবং আগ্রহী সরবরাহকারী প্রকৃত কৃষকগণকে ক্রয়/সংগ্রহ কেন্দ্রে পৌঁছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), উপ-পরিচালক (সকল জেলা) ও উপজেলা কৃষি কর্মকর্তা (সকল) কে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)

উপ-সচিব

ফোন : ৯৫৫৮৮৫৩

ই-মেইল : sasexten1@moa.gov.bd

মহাপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, -----(সকল অঞ্চল)।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, -----(সকল জেলা)।
৬. উপজেলা কৃষি কর্মকর্তা, -----(সকল)।
৭. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
৮. যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।